



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্ট

পিএসডি সার্কুলার নং-১২

তারিখ : ২৮ আশ্বিন, ১৪৩২
১৩ অক্টোবর, ২০২৫

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক/মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস প্রোভাইডার/
পেমেন্ট সার্ভিস প্রোভাইডার

প্রিয় মহোদয়,

**ন্যাশনাল পেমেন্ট সুইচ বাংলাদেশ (এনপিএসবি) এর মাধ্যমে ব্যাংক, এমএফএস প্রোভাইডার এবং
পেমেন্ট সার্ভিস প্রোভাইডারদের মধ্যে Interoperable লেনদেন চালুকরণ প্রসঙ্গে।**

দেশে নগদ অর্থ লেনদেন হ্রাসের লক্ষ্যে এনপিএসবি অবকাঠামো ব্যবহার করে সকল ব্যাংক, এমএফএস প্রোভাইডার এবং পেমেন্ট সার্ভিস প্রোভাইডারদের মধ্যে Interoperable লেনদেন প্রচলনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। Interoperable লেনদেন চালু করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

- (১) আগামী ০১ নভেম্বর ২০২৫ তারিখ হতে ব্যাংক, পেমেন্ট সার্ভিস প্রোভাইডার এবং এমএফএস প্রোভাইডারসমূহ Interoperable ব্যবস্থায় Live লেনদেন শুরু করবে।
- (২) Interoperable ব্যবস্থায় অর্থ স্থানান্তরের ক্ষেত্রে প্রেরক ব্যাংক, পেমেন্ট সার্ভিস প্রোভাইডার এবং এমএফএস প্রোভাইডার তার গ্রাহক (প্রেরক) থেকে ফি/চার্জ বাবদ ভ্যাটসহ সর্বোচ্চ যথাক্রমে ০.১৫%, ০.২০% ও ০.৮৫% আদায় করতে পারবে। অর্থ প্রেরণের পূর্বেই প্রযোজ্য ফি/চার্জ এর পরিমাণ গ্রাহককে প্রদর্শন করতে হবে এবং তা গ্রাহক (প্রেরক)-এর হিসাব হতে আদায় করতে হবে। প্রাপকের নিকট থেকে কোন ফি/চার্জ আদায় করা যাবে না।
- (৩) Interoperable ব্যবস্থায় অর্থ স্থানান্তরের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংক/পেমেন্ট সার্ভিস প্রোভাইডার/এমএফএস প্রোভাইডার হিসাবের প্রকারভেদে নির্ধারিত লেনদেন সীমা প্রযোজ্য হবে।
- (৪) এনপিএসবি-এর আওতায় এক ব্যাংকের গ্রাহক ইন্টারনেট ব্যাংকিং ফান্ড ট্রান্সফার পদ্ধতি ব্যবহার করে ভিন্ন ব্যাংকে তহবিল স্থানান্তরের ক্ষেত্রে পিএসডি সার্কুলার নং-০২ তারিখ: ০৬ ফেব্রুয়ারি ২০২৫ এ উল্লিখিত ফি/চার্জ প্রযোজ্য হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ শরাফত উল্লাহ খান)
পরিচালক (পিএসডি)
ফোন: ৯৫৩০৬১১